

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১১৭.২০১৯- ৪৬৯

তারিখঃ ২৫ অক্টোবর ১৪২৭ বঙ্গাব্দ

২০.১২.২০২০ খ্রি.

বিষয়: সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ

যেহেতু আপনি ডা. মোঃ মনজুরুল হক (৪২৩১২), জুনিয়র কনসালটেন্ট (গাইনি), ২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার আপনার প্রাক্তন কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বেগমগঞ্জ, নোয়াখালীতে কর্মরত থাকাকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য উপজেলায় গিয়ে একটি বেসরকারি ক্লিনিকে একজন প্রসূতি রোগীর অপারেশন করেন; অপারেশনের পূর্বে রোগীর সঠিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করেননি; পি-অ্যানেসথেটিক চেক-আপ করেননি; আপনি নিজেই স্পাইনাল অ্যানেসথেসিয়া দিয়ে অপারেশন শুরু করেন এবং আপনার গাফিলতির কারণে রোগী মারা যায় মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু স্বাস্থ্য বিভাগের তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ বিভাগের ১৪.১০.২০১৯ খ্রি. তারিখের ৫৪৯ নং স্মারকমূলে প্রথম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু উক্ত কারণ-দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি এবং আপনি ব্যক্তিগত শুনানি চাননি;


যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য উপর্যুক্ত বিধিমালায় বিধি ৭(৩) অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের পক্ষ থেকে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়;

যেহেতু উক্ত কমিটি সারাজমিন তদন্তের পর আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেছে;

সেহেতু আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কেন আপনাকে একই বিধিমালায় বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী গুরুদণ্ডস্বরূপ চাকুরি হতে বরখাস্ত করা হবে না, তার কারণ এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।


১০.১২.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

ডা. মোঃ মনজুরুল হক (৪২৩১২)
জুনিয়র কনসালটেন্ট (গাইনি)
২৫০ শয্যাবিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মাহতলা, ডাকঘর-খানারহাট, থানা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী)।

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৭.২০১৯-

৪৬৯/১ (৩৬)

তারিখঃ ২০.১২.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য সেবা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত নথিতে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার
- ৮। সিভিল সার্জন, নোয়াখালী
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেগমগঞ্জ, নোয়াখালী
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৩। অফিস কপি

২০.১২.২০২০
(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd